



নং-৩৬.০১.০০০০.৩৫৬.০৬.০০১.২০২২.৪৪০

তারিখঃ ১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.  
"অতীব জরুরী"

**প্রাপকঃ**

- ১। উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক/প্রধান  
বিভাগ/উপ-বিভাগ/শাখা(সকল), বিসিআইসি, ঢাকা।
- ২। বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পসমূহের প্রধানগণ।

**বিষয়ঃ উদ্ভাবনী ধারণা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রায় উদ্ভাবনী ধারণা (Innovation) একটি গুরুত্বপূর্ণ ইস্যু। চলমান সময়ের প্রেক্ষাপটে ইহা অধিকতর গুরুত্বের দাবী রাখে। বিশেষত কর্ম, পদ্ধতি তথা প্রচলিত ধ্যান-ধারণা হতে সহজতর ব্যবহারযোগ্য কর্মপদ্ধতি, অফিসিয়াল কাজ এবং উৎপাদন কৌশলকে আরও বেগবান করতে পারে।

২। বিসিআইসি-এর ক্ষেত্রেও উদ্ভাবনী ধারণা কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচন ও বাস্তবায়ন পরবর্তী প্রস্তাবকারী উদ্ভাবকদের জন্য প্রশংসাসূচক সনদ, অর্থ পুরস্কার ও বিদেশ ভ্রমণের সুযোগ রয়েছে। বিসিআইসি উদ্ভাবকগণকে বিগত ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরে মোট ১৮ জনকে প্রশংসাসূচক সনদ প্রদান করত গর্বের সাথে স্বীকৃতি প্রদান করেছে। চলমান অর্থ বছর ২০২২-২০২৩-এ উদ্ভাবনী ধারণা জমা দিয়ে আপনি/আপনার বিভাগ/উপ-বিভাগ/শাখা এবং আপনার কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারী-কর্মকর্তা প্রশংসাসূচক সনদ, অর্থ পুরস্কার ও বিদেশ ভ্রমণের সুযোগ পেতে পারেন।

৩। এ প্রেক্ষাপটে আপনার সংশ্লিষ্ট বাস্তবায়নযোগ্য (যা সংস্থার জন্য ভালু এ্যাড করে ও টেকসই) উদ্ভাবনী উদ্যোগ/ উদ্ভাবনী ধারণা নিকস ফন্টে এমএসওয়ার্ডে সফটকপি ও স্বাক্ষরিত পিডিএফ কপি bcic.info@gmail.com ইমেইল ঠিকানায় ও হার্ডকপি নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে নিম্নে বর্ণিত হুকে ২০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করছি।

প্রস্তাবক উদ্ভাবকের নাম ও পদবী	:	
এমপ্লয়ী নং	:	
মোবাইল নম্বর	:	
ই-মেইল ঠিকানা	:	
কারখানার নাম/কর্মস্থল	:	
ক্রম	শিরোনাম ও শব্দের সীমাবদ্ধতা	উদ্ভাবন সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্যাদি
১।	আপনার উদ্যোগের শিরোনাম অনুগ্রহ করে [অনুর্ধ্ব ১০ শব্দের মধ্যে লিখুন]	
২।	যে সমস্যাটিকে চিহ্নিত করতে চান তার বিবরণ লিখুন [অনুগ্রহ করে অনুর্ধ্ব ২০০ শব্দের মধ্যে লিখুন]	
৩।	আপনার প্রস্তাবিত সমাধান টি লিখুন [অনুগ্রহ করে অনুর্ধ্ব ২০০ শব্দের মধ্যে লিখুন]	
৪।	"সমস্যা/সমাধান" এর বিস্তারিত সংযুক্তি।	
৫।	প্রদত্ত ধারণার ফলে সময়, ভ্রমণ ও ব্যয় (TVC) কিভাবে কমেছে তার ব্যাখ্যা	
৬।	পূর্বের ফ্লো চার্ট ও পরের ফ্লো চার্ট সংযুক্ত করতে হবে।	

বিষয়টি অত্যন্ত জরুরি।

১৮.০৯.২০২২

(এ বি এম ফেরদৌস)

মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ  
এবং

সদস্য-সচিব ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সেল: ০১৭৮২-৬৮৩৬৯৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, বিসিআইসি, ঢাকা।
- ২। পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি, ঢাকা।
- ৩। পরিচালক (অর্থ), বিসিআইসি, ঢাকা।
- ৪। পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি, ঢাকা।
- ৫। পরিচালক (কারিগরি ও প্রকৌশল) ও ইনোভেশন অফিসার, বিসিআইসি, ঢাকা।
- ৬। পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি, ঢাকা।
- ৭। উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিআইসি, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি [বিসিআইসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহকারে]।